



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৮০

জাতীয় চার নেতা জীবন দিয়েছেন কিন্তু আপস করেননি

--- মেয়র লিটন

রাজশাহী; ১৮ কার্তিক (০৩ নভেম্বর):

রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন বলেছেন, জাতীয় চার নেতা দেশের জন্য জীবন দিয়ে গেছেন কিন্তু তাঁরা অন্যায়ের কাছে মাথা নত করেননি, অন্যায়ের সঙ্গে আপস করেননি।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে জেল হত্যা দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় রাসিক মেয়র এসব কথা বলেন।

খায়রুজ্জামান লিটন বলেন, জেল হত্যা দিবসে যাঁদেরকে নিমর্মভাবে হত্যা করা হয়েছিল তাঁদের একজন হলেন আমার পিতা এ এইচ এম কামারুজ্জামান। তিনি অতি সাধারণ একজন মানুষ ছিলেন, কর্মীদের সঙ্গে কবিতার ছন্দের মতো করে কথা বলতেন। তাঁর জনপ্রিয়তার কথা সকলেরই জানা আছে। কিন্তু দুঃখের বিষয় হলো— মাত্র ১৫ বছর বয়সে আমি বাবাকে হারিয়েছি। এটা যে কত কষ্টের সেটা আমি বলে বুঝাতে পারব না।

প্রধান অতিথি জাতীয় চার নেতার স্মৃতিচারণ করে বলেন, জাতীয় চার নেতা চারিত্রিক দিক থেকে এতমিল ছিল যে— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খুশি হয়ে সারাদেশের মানুষের কাছে তা প্রচার করতেন। দেশের মানুষ তাদের কথায় আশা রাখতেন, স্বপ্ন দেখতেন। তাঁরা সবসময় বঙ্গবন্ধুর আন্দোলন-সংগ্রামে কাঁধে-কাঁধ মিলিয়ে দেশের মানুষের অধিকার আদায়ে ছিলেন আপসহীন।

তিনি বলেন, পৃথিবীর কোনো দেশ এত রক্ত দিয়ে স্বাধীন হয়েছে সেটা আমার জানা নেই। কিন্তু আমাদের দেশে সেটা হয়েছে। এই দেশের মানুষ মাত্র সাড়ে তিন বছরের মাথায় স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রমহানসহ তাঁর পরিবারের সবাইকে হত্যা করে। এটা মেনে নেয়া যায় না। হত্যাকারীরা জানতো জাতীয় চার নেতা বেঁচে থাকলে তারা সুবিধা করতে পারবে না, তাই তারা তাদেরও হত্যা করেছিল। এটা বাঙালি জাতির জন্য একটি কলঙ্কময় দিন।

অনুষ্ঠানে আলোচক হিসেবে বক্তৃতা করেন রাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রফেসর দুলাল চন্দ্র বিশ্বাস।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গোলাম সাক্বির সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন, রাবির কোষাধ্যক্ষ প্রফেসর মো: অবায়দুর রহমান প্রামাণিক, উপ উপাচার্য প্রফেসর মোঃ সুলতান-উল-ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ ও সুধীজন উপস্থিত ছিলেন।

দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালন উপলক্ষ্যে নগরীতে বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় চার নেতার অন্যতম শহীদ এ.এইচ.এম কামারুজ্জামানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ, শোক র্যালি, কোরআন খতম, দোয়া মাহফিল, রক্তদান কর্মসূচি, মানবভোজ বিতরণসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।

.....
তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৬.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd